গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৫৯-আইন/২০২৬/১৪/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, নবায়নযোগ্য সৌর বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের লক্ষ্যে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE-1 ও TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপণীয় সমুদয় কাস্টমস ডিউটি, রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক, যদি থাকে, আগাম কর এবং ২% (দুই শতাংশ) এর অতিরিক্ত অগ্রীম আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE-1

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
85.04	8504.40.90	Solar Inverter
85.07	8507.90.90	Battery Pack Housing
85.07	8507.60.00	Lithium Cell, lithium ion battery
85.41	8541.43.00	Solar Photovoltaic Module/panel

TABLE-2

Heading	H. S. Code	Description
(1)	(2)	(3)
73.08	7308.90.99	Mounting Structure (Steel)
76.10	7610.90.90	Mounting Structure (Aluminum)
85.07	8507.60.00	Lithium Cell, lithium ion battery, lithium ion battery pack, Battery Energy Storage System (BESS)
85.37	8537.10.90 8537.20.00	Battery Management System
85.37	8537.10.90 8537.20.00	SCADA/Plant Monitoring or Control System
85.44	8544.42.00 8544.49.00 8544.60.00	UV Protected Solar DC Cable
90.32	9032.89.00	Battery Thermal Management System

Downloaded from www.taxvatpoint.com

শর্তাবলি

(১) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা গ্রহণের লক্ষ্যে আমদানিকারক-কে নিম্নের যে কোনো প্রকৃতির হইতে হইবে, যথা:-

(ক) VAT Compliant উৎপাদনকারী প্রতিষ্ঠান সৌরবিদ্যুৎ উৎপাদনপূর্বক নিজস্ব প্রতিষ্ঠানে প্রয়োজনীয় চাহিদা মেটাবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে অতিরিক্ত বিদ্যুৎ নেট-মিটারিং পদ্ধতিতে জাতীয় গ্রীডে সরবরাহ করিবেন; এবং

(খ) Renewable Energy Service Company (RESCO) যা নিজস্ব অর্থায়ন ও ব্যবস্থাপনায় সৌরবিদ্যুৎ উৎপাদনপূর্বক সুনির্দিষ্ট Power Purchase Agreement এর আওতায় অন্য কোনো পক্ষকে বিদ্যুৎ সরবরাহ করেন।

ব্যাখ্যা।- এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে,-

(অ) **"VAT compliant"** প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান; এবং

(আ) **"নবায়নযোগ্য শক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান (Renewable Energy Service Company"** অর্থ এমন কোনো প্রতিষ্ঠান যারা নিজস্ব অর্থায়নের মাধ্যমে উপরোক্ত টেবিলের এক বা একাধিক পণ্যসমূহ আমদানি কিংবা স্থানীয়ভাবে সংগ্রহপূর্বক সৌর বিদ্যুৎ উৎপাদন করে অন্য কোনো পক্ষকে Power Purchase Agreement এর আওতায় বিদ্যুৎ সরবরাহ করে।

(২) এই প্রজ্ঞাপনের অধীন অব্যাহতি সুবিধা কেবল সেইসব VAT Compliant নবায়নযোগ্য সৌর শক্তি উৎপাদন ও সরবরাহকারী প্রতিষ্ঠান এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যাহারা এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্ত পরিপালনপূর্বক আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা স্থানীয়ভাবে নবায়নযোগ্য সৌর শক্তি উৎপাদন ও সরবরাহ করিয়া থাকেন।

(৩) আমদানিকৃত পণ্য চালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে ইন্সটলেশন ও কমিশনিং সম্পন্নপূর্বক সৌর বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করা হইবে এবং আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সৌরবিদ্যুৎ উৎপাদন বা সরবরাহ ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা হইবে না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে **পরিশিষ্ট-১** মোতাবেক অঙ্গীকারনামা শুল্কায়নকালে প্রদান করিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

(৪) Sustainable and Renewable Energy Development Authority (SREDA) কর্তৃক আমদানিকৃত পণ্য দ্বারা কী ক্ষমতার সৌর বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপন করা হইবে তাহার প্রত্যয়িত একটি বিশদ লে-আউট, পণ্যের বিবরণ, টেকনিক্যাল স্পেসিফিকেশন ও সুপারিশ **পরিশিষ্ট-২** মোতাবেক শুল্কায়নের সময় প্রত্যেক আমদানিকারককে কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে।

(৫) নবায়নযোগ্য শক্তি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক (Renewable Energy Service Company) পণ্য আমদানিকালে অন্য কোনো প্রতিষ্ঠান বা জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করার সপক্ষে Power Purchase Agreement এর প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে।

(৬) আমদানিকৃত সোলার প্যানেল, লিথিয়াম ব্যাটারি সেল, লিথিয়াম ব্যাটারি সম্পূর্ণ নূতন মর্মে Manufacturer's Certificate থাকিতে হইবে এবং লিথিয়াম ব্যাটারি সেল অথবা লিথিয়াম ব্যাটারি IEC-62619:2022 স্ট্যান্ডার্ডের হইতে হইবে যাহার সপক্ষে আন্তর্জাতিকভাবে স্বীকৃত (Accredited) কোনো সংস্থা বা ল্যাবরেটরি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে দাখিল করিতে হইবে।

(৭) আমদানিকৃত লিথিয়াম ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম IEC-62933:2017 স্ট্যান্ডার্ডের হইতে হইবে এবং তাহার সপক্ষে আন্তর্জাতিকভাবে স্বীকৃত (Accredited) কোনো সংস্থা বা ল্যাবরেটরি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র শুল্কায়নকালে দাখিল করিতে হইবে।

(৮) আমদানিকৃত পণ্য চালান ইন্সটলেশন ও কমিশনিং করে উৎপাদন কার্যক্রম শুরুর বিষয়ে SREDA হতে সরেজমিনে পরিদর্শনপূর্বক উহার সপক্ষে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সর্বশেষ পণ্য চালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে তাহা সংশ্লিষ্ট কাস্টমস কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উপরিউক্ত সময়ের মধ্যে বর্ণিত প্রত্যয়নপত্র দাখিল করা সম্ভব না হইলে আমদানিকারক কর্তৃক যৌক্তিক কারণ উল্লেখপূর্বক আবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস, প্রয়োজনে, অনধিক ৬ (ছয়) মাস পর্যন্ত সময় বৃদ্ধি করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও SREDA কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল করিতে না পারিলে আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) বরাবর আবেদন করিতে পারিবে এবং উক্ত আবেদন পর্যালোচনায় যৌক্তিক মনে করিলে তিনি যুক্তিসঙ্গত পরিমাণ সময় বৃদ্ধি করিতে পারিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(৯) এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত অব্যাহতি সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সৌরবিদ্যুৎ উৎপাদন বা সরবরাহ ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা যাইবে না।

(১০) কোনো উৎপাদনকারী বা সরবরাহকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(১১) আমদানি ও শুল্কায়ন সংক্রান্ত অন্যান্য বিষয়সহ উপরে বর্ণিত শর্ত পরিপালন করা হইয়াছে কীনা তাহা সংশ্লিষ্ট শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক যাচাই করিয়া নিশ্চিত হইতে হইবে, এবং শুল্কায়ন তত্ত্বাবধানকারী সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা সহকারী কমিশনার পর্যায়ে শুল্কায়ন অনুমোদন করাইতে হইবে।

(১২) এই প্রজ্ঞাপনের TABLE-2 এর কার্যকারিতা ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩১ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-১
(শর্তাবলির শর্ত ৩ দ্রষ্টব্য)

অঙ্গীকারনামা

আমি ..... মালিক/প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স..... (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, আমার ঋণপত্র নং.....তারিখ:..... ইনভয়েস নং..... তারিখ:..... এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে ইন্সটলেশন ও কমিশনিং সম্পন্নপূর্বক সৌর বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করা হইবে ও আমদানিকৃত পণ্য চালানে কোনো সেকেন্ডারি বা সাব-স্ট্যান্ডার্ড কোয়ালিটি বা নিম্নমানের পণ্য অথবা পুরাতন, ব্যবহৃত, পুনঃসংস্কারকৃত (রিকন্ডিশন্ড) পণ্য, রিফার্বিশড পণ্য অথবা কারখানায় বাতিলকৃত বা জব লট ও স্টক লটের পণ্য নাই এবং আমদানিকৃত পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ সৌরবিদ্যুৎ উৎপাদন বা সরবরাহ ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার বা বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করা হইবে না এবং উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর অধীন শুল্ক কর্তৃপক্ষ গৃহীত অন্য যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা মানিয়া লইতে বাধ্য থাকিব।

স্বাক্ষর:.....

তারিখ: স্বত্বাধিকারী/প্রধান নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক/চেয়ারম্যান এর নাম, স্বাক্ষর ও

সীল:.....

মোবাইল নম্বর:.....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:.....

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-২
(শর্তাবলির শর্ত ৪ দ্রষ্টব্য)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

সোলার বিদ্যুৎ উৎপাদনের কাজে আবশ্যক পণ্য বা যন্ত্রাংশ বা উপকরণ আমদানি সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:
৪। সৌর বিদ্যুৎ উৎপাদন সংক্রান্ত ক্ষমতা:

ক্রম নং	পণ্যের এইচ. এস. কোড	পণ্যের নাম (প্রযোজ্য ক্ষেত্রে ক্যাপাসিটি/রেটিংসহ)	একক	পণ্যের পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)

স্রেডা এর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির
নাম:.....
পদবী:.....
স্বাক্ষর:.....
সিল:.....
মোবাইল নম্বর:.....

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/স্বত্ত্বাধিকারীর
স্বাক্ষর:.....
নাম:.....
তারিখ:.....

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com